DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 11:29 PM

আন্তর্জাতিক

# মার্কিন দুই সেনা নিহতের পর ইরানে ব্যাপক হামলা

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৯ জুলাই ২০২৬, ১২:১৪ PM



জর্ডানে গত শুক্রবার ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় মার্কিন দুই সেনা নিহত এবং কয়েকজন আহত হয়েছেন। এখনো নিখোঁজ এক সেনা। এ ঘটনার জেরে ইরানে নতুন করে বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র।

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) লক্ষ্যবস্তুতে এসব হামলা চালানো হয়েছে বলে দাবি করা হয়েছে। ইরানের দক্ষিণাঞ্চলের বহু এলাকায় বিস্ফোরণের খবর মিলেছে।

আজ রবিবার (১৯ জুলাই) এক প্রতিবেদনে এসব তথ্য জানিয়েছে বার্তাসংস্থা আনাদোলু।

বার্তাসংস্থাটি বলছে, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নির্দেশে শনিবার (১৮ জুলাই) ইরানে নতুন করে বিমান হামলা চালানো হয়েছে বলে মার্কিন সামরিক বাহিনীর সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) সোশ্যাল মিডিয়া এক্সে দেওয়া এক পোস্টে জানিয়েছে।

=

সেন্টকম জানায়, ইরানের স্থানীয় সময় রোববার (১৯ জুলাই) রাত দেড়টা থেকে নতুন এই বিমান হামলা শুরু হয়। এর উদ্দেশ্য হরমুজ প্রণালিতে বাণিজ্যিক জাহাজ চলাচলে ইরানের হুমকি দেওয়ার সক্ষমতা আরও দুর্বল করে দেওয়া এবং আগের রাতে জর্ডানে মার্কিন সেনাদের ওপর হামলা চালানো আইআরজিসির সদস্যদের দ্রুত শাস্তি দেওয়া।

শনিবার সেন্টকম জানায়, গত শুক্রবার জর্ডানে ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলায় দুজন মার্কিন সেনা নিহত হওয়ার পাশাপাশি কয়েকজন আহত হয়েছেন এবং একজন এখনও নিখোঁজ রয়েছেন। ১৭ জুলাই জর্ডানে ইরানের ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা প্রতিহত করতে গিয়ে সেন্টকম ও মিত্র বাহিনীর অভিযানের সময় দুই মার্কিন সেনা নিহত হন।

বিবৃতিতে আরও বলা হয়, চিকিৎসার জন্য জর্ডানের হাসপাতালে নেয়া চার মার্কিন সেনাকে ছাড়পত্র দেয়া হয়েছে। এ ছাড়া সামান্য আহত অন্য সেনারা চিকিৎসা শেষে আবার দায়িত্বে ফিরে গেছেন।

নিহত সেনাদের পরিবারের প্রতি সম্মান জানিয়ে তাদের স্বজনদের আনুষ্ঠানিকভাবে জানানো না পর্যন্ত নিহতদের পরিচয়সহ অতিরিক্ত কোনও তথ্য প্রকাশ করা হবে না বলেও জানিয়েছে সেন্টকম।

আনাদোলু বলছে, ইরানে যুক্তরাষ্ট্রের নতুন হামলার মধ্যে রোববার ভোরে কেশম দ্বীপে অন্তত ছয়টি ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে। একই সময়ে দক্ষিণাঞ্চলীয় বন্দরনগরী বন্দর আব্বাসেও বিস্ফোরণের শব্দ শোনা গেছে।


সূত্র: আনাদোলু

---

এ বিভাগের আরও খবর



তেহরান শিগগিরই নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর
ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্ম...



### ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



### হরমুজকে □মার্কিন ভূখণ্ড□ হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



### ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/markin-dui-sena-nihter-pr-irane-bjapk-hamla